

২.০ নিরীক্ষা প্রত্যয়নপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এবং ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন এর ৫ এবং ৬ ধারা অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ৯টি বিশ্ববিদ্যালয়, ৭টি শিক্ষা বোর্ড এবং ৪টি বি,আই,টি এর ১৯৯৯-২০০০ সালের হিসাব স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করা হইয়াছে। এতদ্ব্যতীত উক্ত প্রতিষ্ঠানসমূহের স্থানীয় নিরীক্ষা সংক্রান্ত পরিদর্শনের বর্তমান অবস্থা এবং গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়ক্ষতি প্রভৃতি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর উক্ত হিসাব সম্বন্ধীয় সকল তথ্যাদির ব্যাখ্যা যথাসম্ভব সংগ্রহ করিয়াছে এবং আমার জ্ঞান ও বিশ্বাস মতে আমি প্রত্যয়ন করিতেছি যে, নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যাদি নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ।

ঢাকা

তারিখঃ -----ইং
-----বাং

সৈয়দ ইউসুফ হোসেন
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
বাংলাদেশ।